SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

# শক্তি বার্তা

আগষ্ট, ২০২৬ | ১৪৩৩ বঙ্গাব্দ

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

## কক্সবাজারের Bay Watch-এ তিন দিনব্যাপী As Conference 2026 অনুষ্ঠিত





কক্সবাজারের Bay Watch-এ অনুষ্ঠিত হলো তিন দিনব্যাপী As Conference 2026। সহকর্মীদের সঙ্গে আনন্দঘন সময় কাটানোর পাশাপাশি পারস্পরিক সম্পর্ক আরও দৃঢ় করা, অভিজ্ঞতা বিনিময় এবং নতুন উদ্যমে কাজের অনুপ্রেরণা তৈরিই ছিল এই আয়োজনের মূল উদ্দেশ্য। তিন দিনের আয়োজনে ছিল গুরুত্বপূর্ণ আলোচনা, মতবিনিময় ও অভিজ্ঞতা শেয়ারিংয়ের সুযোগ। পাশাপাশি অংশগ্রহণকারীরা অংশ নেন বিভিন্ন টিম বিল্ডিং অ্যাক্টিভিটিতে, যা পারস্পরিক সহযোগিতা, যোগাযোগ ও দলগত সমন্বয় আরও জোরদার করতে সহায়ক হয়েছে। কর্মক্ষেত্রের ব্যস্ততার বাইরে সহকর্মীদের সঙ্গে একসঙ্গে সময় কাটানো, বিনোদন ও সাংস্কৃতিক অনুষ্ঠান সহ নানা আনন্দঘন মুহূর্তে মুখর ছিল পুরো আয়োজন। এমন আয়োজন একদিকে যেমন সহকর্মীদের মধ্যে আন্তরিকতা ও বন্ধন বাড়িয়েছে, অন্যদিকে দল হিসেবে আরও ভালোভাবে কাজ করার অনুপ্রেরণা জোগিয়েছে। নানা বিষয়ে আলোচনা, অভিজ্ঞতা বিনিময়, দলীয় কার্যক্রম ও আনন্দঘন মুহূর্ত সব মিলিয়ে শক্তি পরিবারের সদস্যদের জন্য তিন দিনের এই আয়োজন হয়ে উঠেছে একটি স্মরণীয় অভিজ্ঞতা এবং নতুন উদ্যমে পথচলার অনুপ্রেরণা।

## কিডনি রোগীদের ডায়ালাইসিস সেবা সহজলভ্য করতে BIHS-কে ডায়ালাইসিস মেশিন দিল শক্তি ফাউন্ডেশন




কিডনি রোগীদের প্রয়োজনীয় ডায়ালাইসিস সেবা আরও সহজলভ্য করতে বাংলাদেশ ইনস্টিটিউট অব হেলথ সায়েন্সেস (BIHS)-কে একটি ডায়ালাইসিস মেশিন প্রদান করেছে শক্তি ফাউন্ডেশন। ২৩ আগস্ট BIHS-এ আয়োজিত এক অনুষ্ঠানে মেশিনটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে BIHS-এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন ন্যাশনাল প্রফেসর ডা. আজাদ খান, প্রেসিডেন্ট, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ডায়াবেটিকস, এন্ডোক্রাইন অ্যান্ড মেটাবলিক ডিসঅর্ডারস (BADAS) এবং চেয়ারম্যান, বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (BUHS); প্রফেসর রশিদ-ই-মাহবুব, জয়েন্ট সেক্রেটারি জেনারেল, BADAS; ডা. ফজলুর রহমান, ডিরেক্টর জেনারেল, BIHS এবং ডা. মিথিলা, হেড অব ডায়াবেটিস ডিপার্টমেন্ট, BIHS। শক্তি ফাউন্ডেশনের পক্ষে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি; আসমা বেগম, সিনিয়র ডিরেক্টর, হিউম্যান রিসোর্সেস; ডা. শমশের আলী খান, সিনিয়র ডিরেক্টর, হেলথ অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ; শরীফুল ইসলাম, সিনিয়র ডিরেক্টর, অ্যাডমিনিস্ট্রেশন এবং লিপি সাহা, ডিরেক্টর, হেলথ অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ। আলোচনায় কিডনি রোগ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি, সক্ষমতা উন্নয়ন এবং মানসম্মত স্বাস্থ্যসেবায় প্রবেশাধিকার আরও সম্প্রসারণে ভবিষ্যৎ সহযোগিতার সুযোগ নিয়ে আলোচনা হয়। এই সহযোগিতার অংশ হিসেবে, BIHS General Hospital শক্তি ফাউন্ডেশনের কর্মীদের কনসালটেশন ফি, ওষুধ এবং অন্যান্য হাসপাতাল-সংশ্লিষ্ট সেবায় বিশেষ ছাড় প্রদানে সম্মতি জানিয়েছে। প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা আরও সহজলভ্য করা এবং অর্থবহ অংশীদারিত্বের মাধ্যমে একটি সুস্থ সমাজ গঠনে অবদান রাখার ক্ষেত্রে এটি শক্তি ফাউন্ডেশনের ধারাবাহিক অঙ্গীকারেরই প্রতিফলন।



## বন্যাদুর্গত এলাকার মানুষের জন্য চিকিৎসা ও প্রয়োজনীয় ওষুধ নিয়ে পাশে আছে শক্তি ফাউন্ডেশন




সাম্প্রতিক ভারী বৃষ্টি ও বন্যায় বাঁশখালীসহ বিভিন্ন এলাকায় মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়েছে। একইসঙ্গে দেখা দিয়েছিল নানা ধরনের স্বাস্থ্যঝুঁকি। বন্যাদুর্গত মানুষের জরুরি স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে শক্তি ফাউন্ডেশন আয়োজন করেছে বিনামূল্যে মেডিকেল ক্যাম্প। ক্যাম্পগুলোতে বন্যার পর দেখা দেয় ত্বকের অ্যালার্জি ও সংক্রমণ, শিশুদের নিউমোনিয়া ও ঠান্ডাজনিত সমস্যা, শারীরিক দুর্বলতা, পানিশূন্যতা ও পুষ্টিজনিত সমস্যাসহ বিভিন্ন স্বাস্থ্যঝুঁকিতে চিকিৎসা ও প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়। পাশাপাশি রোগীদের বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ ও ওআরএস বিতরণ করা হয়। এখন পর্যন্ত বাঁশখালী, গুনাগরি ও বান্দরবানে আয়োজিত ৩টি ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে ৬১৭ জন মানুষের কাছে চিকিৎসাসেবা পৌঁছে দেওয়া হয়েছে। চিকিৎসাসেবা গ্রহণকারীদের মধ্যে ৪২১ জনই নারী।

## COP-31 সামনে রেখে শক্তি ফাউন্ডেশন ও দ্য ক্লাইমেট ওয়াচের অংশীদারিত্ব




এবারের জাতিসংঘ জলবায়ু সম্মেলন কপ-৩১ কে কেন্দ্র করে একটি বিশেষ কমিউনিকেশন ও অ্যাডভোকেসি উদ্যোগ যৌথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষর করেছে শক্তি ফাউন্ডেশন ফর ডিসঅ্যাডভান্টেজড উইমেন এবং দ্য ক্লাইমেট ওয়াচ। এই উদ্যোগের লক্ষ্য হলো বাংলাদেশের স্থানীয় জলবায়ু পরিবর্তন ইস্যু যেমন নগর সবুজায়ন, বায়ুদূষণ সচেতনতা, নবায়নযোগ্য জ্বালানি, নারীর ক্ষমতায়ন, সবুজ জীবিকা এবং অন্তর্ভুক্তিমূলক জলবায়ু কার্যক্রমকে বৃহত্তর আন্তর্জাতিক জলবায়ু আলোচ্যসূচির সঙ্গে সংযুক্ত করা। এই পার্টনারশিপ শক্তি ফাউন্ডেশন এবং The Climate Watch -এর মধ্যকার সম্পর্কে একটি নতুন ধাপের সূচনা, যেখানে কমিউনিটি-ভিত্তিক অভিজ্ঞতা এবং ক্লাইমেট রিপোর্টিং একত্রিত হয়ে বাংলাদেশের স্থানীয়ভাবে উদ্ভাবিত জলবায়ু সমাধান ও দৃষ্টিভঙ্গিকে বৈশ্বিক জলবায়ু আলোচনার পরিসরে তুলে ধরবে। চুক্তিটি ১৯ আগস্ট শক্তি ফাউন্ডেশনের হেলথ অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রামের প্রধান ডা. শামসের আলী খান এবং দ্য ক্লাইমেট ওয়াচের নির্বাহী সম্পাদক মো. ইব্রাহিম খলিলুল্লাহ স্বাক্ষর করেন।

## AVPN Global Conference 2026-এ প্রতিনিধিত্ব করছেন প্রতিষ্ঠানের উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ




ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত হচ্ছে AVPN Global Conference 2026, যেখানে শক্তি ফাউন্ডেশনের প্রতিনিধিত্ব করছেন প্রতিষ্ঠানের উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ। এশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে দুই হাজারেরও বেশি সামাজিক বিনিয়োগকারী, উন্নয়নকর্মী ও সংশ্লিষ্ট খাতের বিশিষ্টজনরা অংশ নিচ্ছেন এই আয়োজনে। নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, জলবায়ু সহনশীলতা ও টেকসই উন্নয়নের মাধ্যমে সবার জন্য আর্থিক সুযোগ তৈরির লক্ষ্যে কাজ করে যাচ্ছে শক্তি ফাউন্ডেশন।

বিশ্বের বিভিন্ন প্রান্তের প্রতিষ্ঠান ও উন্নয়নকর্মীদের সঙ্গে অভিজ্ঞতা বিনিময় ও নতুন আইডিয়া শেয়ারের মাধ্যমে সম্ভাবনাময় সহযোগিতার নতুন সুযোগ তৈরি হবে বলে আমরা আশাবাদী। আরও বেশি মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে শক্তি ফাউন্ডেশন সবসময় নতুন অংশীদার ও সহযোগীদের সঙ্গে একসঙ্গে কাজ করতে আগ্রহী। এই সম্মেলনে একই লক্ষ্যে কাজ করা মানুষদের সঙ্গে পরিচিত হতে এবং তাদের সঙ্গে উদ্ভাবনী কাজে যুক্ত হতে পেরে আমরা গর্বিত ও আনন্দিত।

## কেয়ারগিভিং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়নে শক্তি ফাউন্ডেশন




দেশের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং টেকসই কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে শক্তি ফাউন্ডেশন। সেই ধারাবাহিকতায় Commercial Bank of Ceylon PLC -এর সহযোগিতায় কেয়ারগিভিং বিষয়ে একটি বিশেষ প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এই উদ্যোগের অংশ হিসেবে গত ২ আগস্ট ২০২৬ তারিখে Caregivers Institute of Bangladesh (CIB)-এর সঙ্গে শক্তি ফাউন্ডেশনের একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। দক্ষতা উন্নয়ন শুধু কর্মসংস্থানের পথই উন্মুক্ত করে না, এটি মানুষের আত্মবিশ্বাস, আত্মনির্ভরশীলতা এবং একটি মর্যাদাপূর্ণ ভবিষ্যৎ গড়ে তোলারও অন্যতম ভিত্তি। এই উদ্যোগ সেই লক্ষ্য অর্জনের পথকে আরও সুদৃঢ় করবে।

## বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারকে পুনর্বাসন সহায়তা করেছে শক্তি ফাউন্ডেশন





দুর্যোগের পর মানুষের সবচেয়ে বেশি প্রয়োজন নতুন করে ঘুরে দাঁড়ানোর সাহস। আকস্মিক বন্যায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের অসংখ্য পরিবারের দীর্ঘদিনের পরিশ্রমে গড়ে তোলা স্বপ্ন ও জীবিকা বিপর্যস্ত হয়ে পড়ে। এ পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত পরিবারের পুনর্বাসন ও স্বাভাবিক জীবনে ফিরে আসার লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন বন্যায় ক্ষতিগ্রস্ত ১৫০টি পরিবারকে পুনর্বাসন সহায়তা প্রদান করেছে। যা শক্তি ফাউন্ডেশনের একটি ক্ষুদ্র প্রয়াস। মানবিক দায়িত্ববোধ থেকে নেওয়া এই উদ্যোগ ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর নতুন করে ঘুরে দাঁড়ানোর সাহস জোগাবে।

## সিলেট ও সিরাজগঞ্জ রিজিওনে মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা





সিলেট রিজিওনের ২৩টি এবং সিরাজগঞ্জ রিজিওনের ২০টি ব্রাঞ্চের মাইক্রফাইনান্স অফিসার, ব্রাঞ্চ ম্যানেজার এবং অ্যাকাউন্টেন্ট- দের নিয়ে অনুষ্ঠিত হলো মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা। কর্মশালায় মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অগ্রগতি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটর-এর আলোকে কর্মসূচির সামগ্রিক চিত্র তুলে ধরা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীদের বিভিন্ন গ্রুপওয়ার্কে যুক্ত করা হয়, যেখানে তাঁরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে নিজেদের মতামত ও অভিজ্ঞতা তুলে ধরেন। এছাড়া ক্যারিয়ার পাথ, কর্ম পরিবেশসহ কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে অনুষ্ঠিত হয় প্রাণবন্ত মুক্ত আলোচনা। সম্মিলিত অংশগ্রহণ, অভিজ্ঞতা বিনিময় ও নতুন ভাবনার মাধ্যমে মাইক্রোফাইন্যান্স কর্মসূচিকে আরও এগিয়ে নেওয়ার লক্ষ্যে সিলেট ও সিরাজগঞ্জ রিজিওনের এই আয়োজনগুলি ছিল একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

## মাঠপর্যায়ের স্বাস্থ্যসেবা আরও কার্যকর করতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ






প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মানসম্মত ও সহজলভ্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে শক্তি ফাউন্ডেশন নিয়মিতভাবে স্বাস্থ্যকর্মীদের দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছে। এই ধারাবাহিকতায়, Opportunity International Australia -এর সহযোগিতায় পরিচালিত Mobile Health Clinic Project-এর মেডিকেল অ্যাসিস্ট্যান্টদের নিয়ে অনুষ্ঠিত হলো পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ। প্রশিক্ষণে মোবাইল হেলথ ক্লিনিকের সেবা, প্রকল্পের লক্ষ্য ও কার্যপদ্ধতি, মাতৃ ও প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, শিশুর স্বাস্থ্য, অসংক্রামক রোগ (NCD), টিকাদান, স্বাস্থ্যশিক্ষা, ডিজিটাল স্বাস্থ্যসেবা এবং ক্লায়েন্ট-কেন্দ্রিক সেবাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে থিয়োরেটিকেল এবং প্র্যাক্টিকেল প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রশিক্ষণের বিশেষ সেশনে Directorate General of Family Planning (DGFP) এর IEM ইউনিটের ডিরেক্টর, তাসলিম উদ্দিন খান, ডেপুটি ডিরেক্টর, ইসরাত জাবিন এবং অ্যাসিস্টেন্ট ডিরেক্টর, মীর মাসুদুর রহমান, গর্ভকালীন সেবা (ANC), প্রসব-পরবর্তী সেবা (PNC), পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যশিক্ষা বিষয়ে তাঁদের মূল্যবান জ্ঞান ও অভিজ্ঞতা তুলে ধরেন। এছাড়াও, শক্তি ফাউন্ডেশনের Health Program-এর প্রধান, ডাঃ শমশের আলী খান, প্রশিক্ষণে অংশ নিয়ে তিনি স্বাস্থ্যকর্মীদের নিয়মিত শেখার মাধ্যমে নিজেদের দক্ষতা বাড়ানো এবং আরও দায়িত্বশীল ও মানসম্মত সেবা প্রদানের ওপর গুরুত্ব দেন। পাঁচ দিনের এই আয়োজন শুধু প্রশিক্ষণ নয়। মাঠপর্যায়ের অভিজ্ঞতা বিনিময়, চ্যালেঞ্জ ও সম্ভাব্য সমাধান নিয়ে আলোচনা এবং স্বাস্থ্যকর্মীদের আরও দক্ষ ও আত্মবিশ্বাসী করে তোলার একটি উদ্যোগ।

# বিভিন্ন রিজিওনে মাইক্রোফাইন্যান্স কর্মসূচি উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত








গত ২২ই আগস্ট নরসিংদী রিজিওন, কুমিল্লা তিতাস রিজিওন এবং ২৩ই আগস্ট কুমিল্লা চৌদ্দগ্রাম রিজিওনের ২৬ টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক এবং অ্যাকাউন্টেন্টদের নিয়ে দিনব্যাপী উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই সকল কর্মশালা জনাব আসাদুজ্জামান, সিনিয়র ডিরেক্টর অ্যান্ড হেড অব মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম এবং জনাব অতুল কর্মকার, অপারেশনাল হেড মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম । এছাড়াও আরও উপস্থিত ছিলেন শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাগণ। উক্ত কর্মশালায় মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের অগ্রগতি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটর-এর আলোকে প্রোগ্রামের সামগ্রিক চিত্র তুলে ধরা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীদের বিভিন্ন গ্রুপওয়ার্কে যুক্ত করা হয়, যেখানে তাঁরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে নিজেদের মতামত ও অভিজ্ঞতা তুলে ধরেন। এছাড়া ক্যারিয়ার পাথ, কর্ম পরিবেশসহ কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে অনুষ্ঠিত হয় প্রাণবন্ত মুক্ত আলোচনা। সম্মিলিত অংশগ্রহণ, অভিজ্ঞতা বিনিময় ও নতুন ভাবনার মাধ্যমে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামকে আরও এগিয়ে নেওয়ার লক্ষ্যে নরসিংদী রিজিওনের এই আয়োজন ছিল একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

## একনজরে শক্তি ( আগষ্ট, ২০২৬ )

| বিভাগ | জেলা | জোন | রিজিয়ন | এরিয়া | ব্রাঞ্চ |
|---|---|---|---|---|---|
| ৮ | ৫৭ | ৪ | ২৯ | ১২৯ | ৬৬৮ |

সদস্য
৬,২৫,৬২০ জন
ঋণী
৪,৯৩,২১৫ জন

সঞ্চয় স্থিতি
১,৮২৭ কোটি

কর্মী সংখ্যা
৫,৮০০ জন

ঋণস্থিতি
৩,৫১১ কোটি টাকা

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট
১০০ জন

**প্রধান কার্যালয়**
শক্তি ভবন, বাড়ি নং-০৪, রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১ মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬

**যোগাযোগ**
+৮৮ ০৯৬১৬-৮৮৮১১১
+৮৮ ০১৮১৮৯৮০৪৭৮

## যোগাযোগ